আজকের কাগজ

তারিখ 03 SEP 1992
পৃষ্ঠা ২ কলাম ৮

128

## শিক্ষা সচিবের সঙ্গে প্রাথমিক শিক্ষা সরকারি কর্মচারি সমিতির নেতাদের সাক্ষাৎ

প্রাথমিক শিক্ষা সরকারি কর্মচারি সমিতির কেন্দ্রীয় নেতারা গতকাল শিক্ষা সচিব শফিউল আলমের সঙ্গে তাঁর দপ্তরে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে কর্মচারিদের চাকরি স্থায়ীকরণ, পদোন্নতি ও শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব একরাম উল্লাহ্ চৌধুরী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবুল হোসেন, সমিতির সভাপতি মফিজ উদ্দিন আকন্দ, সহসভাপতি আবদুস সোবহান, সাধারণ সম্পাদক শাহাদাত হোসেন শহীদ, নুরুন নবী, আঃ মান্নান, আঃ খালেক ও জাহাঙ্গীর আলম প্রমুখ উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণী।